

মুক্তিকে যে করে তুচ্ছ ভক্তি করে সার।
 পুণ্যকে না দেয় স্থান পাপ কোন ছার।।
 হরিনামে প্রেম প্রাপ্তি সাধুদের বাণী।
 প্রেমরতপাহ্লাদিনী রাখা ঠাকুরাণী।।
 যেই নাম সেই হরি শ্রীমুখের বাক্য।
 জীবে কেন মনে প্রাণে নাহি করে ঐক্য।।
 নাম সুপ্রসন্ন হইলে হ্লাদিনী পাই।
 বিশুদ্ধ পীরিতি ব্যাখ্যা আর বাক্য নাই।।
 শুদ্ধ মানুষতে আর্তি নৈষ্ঠিক ভজন।
 তার কিসে গয়া-কাশী আর বন্দাবন।
 বেহালের বেশমাত্র দণ্ড যে ধারণ।
 জ্ঞানমিশ্র ভক্তি এতো আইল এখন।।
 এত বাহ্য কহে যেই তার কেন দণ্ড।
 এ কারণ নিত্যানন্দ দণ্ড কৈল খণ্ড।।
 অন্তরে উল্লাস, প্রভু বাহ্যে খেদাশিত।
 নিত্যানন্দ প্রেমে প্রভু হ'ল প্রেমাপ্লুত।।
 এইভাব মহাপ্রভু দেখিল আচরি।
 এ লীলায় প্রেম কই আচরিতে পারি।।
 মহাভাবে দণ্ডভঙ্গ নিতাই মাতিল।
 সেভাব লইতে প্রভুর বাকী পড়ে গেল।।
 আর এক সুবিচার অন্তরে জাগিল।
 দণ্ড ভাঙ্গি কমণ্ডলু কেন না ভাঙ্গিল।।
 উভয়ের ভাব তাহা উভয় জানিলা।
 শেষ লীলা কমণ্ডলু ভেঙ্গে হ'বে মালা।।
 লক্ষ্মীকে করিয়া ত্যাগ কমণ্ডলুধারী।
 কমণ্ডলু ভেঙ্গে লক্ষ্মী বলাইবে হরি।।
 প্রভুর হাতের কড়া মান্য রাখি তার।
 কমণ্ডলু হ'বে তাঁর ভক্ত-কণ্ঠহার।।
 সুবিশুদ্ধ প্রেমদান গৌরাজ লীলায়।
 সে প্রেম শোষিল প্রায় কলির মায়ায়।।
 পুনঃপ্রেম প্রচারিতে হইল মনন।
 সে কারণ হ'ল যশোবন্তের নন্দন।।

যদি বল গৌরাজের প্রেম তুচ্ছ নয়।
 সে প্রেম শোষিবে কেন কলির মায়ায়।।
 তার সাক্ষী ভাগবতে আছয় প্রমাণ।
 রাজা পরীক্ষিৎ স্নান করিবারে যান।।
 বৃষরূপে ছিল ধর্ম দাঁড়ায়ে তখন।
 মুদগর লইয়া কলি ভেঙ্গেছে চরণ।।
 হেনকালে বসুমতী সুরভী রূপেতে।
 কেঁদে কেঁদে কহে ডেকে রাজা পরীক্ষিতে।।
 'অই-কলি অই-ধর্ম এই আমি ক্ষিতি।
 রক্ষা কর বিপদে ধার্মিক নরপতি'।।
 কলিকে ধরিয়া রাজা চাহিল কাটিতে।
 শরণ লইল কলি প্রাণের ভয়েতে।।
 রাজা বলে না রহিবি মম অধিকারে।
 চারিস্থান চাহি নিল কলি, পরিহারে।।
 স্বর্ণকার দোকান অপর বেশ্যালয়।
 সুরাপান জীবহত্যা যে যে স্থানে হয়।।
 চারি ঠাই পেয়ে কলি পাইল আহ্লাদ।
 ভাবে সর্ব ঠাই হ'ল আমার প্রাসাদ।।
 বেশ্যালয় যায় কেহ করে সুরা পান।
 যদি কোন মহাজন সে পথে না যান।।
 ব্যাসের কলম সাক্ষী বেশ্যা বলি কারে।
 পঞ্চসঙ্গ করে নারী বেশ্যা বলি তারে।।
 অনেকেই জীবহত্যা করিছে সদায়।
 মৎস্য, মুগ্ধ, পক্ষী সেকি জীব মধ্যে নয়?।
 ধনবান হ'লে যাবে স্বর্ণকার ঠাই।
 দোকান স্পর্শিলে তারে কভু কি এড়াই?।
 ইহাতেও যদি কেহ না ভুলে মায়ায়।
 রসিকের ধর্ম দিয়া অনেকে মজায়।।
 তার সাক্ষী শ্রীগৌরাজ ধর্ম যবে দিল।
 চিত্রগুপ্ত ব্রহ্মচিন্ত খাতা ফেলাইল।।
 মৌন হ'য়ে বসিলেন যম মহাশয়।
 ক্রাম, ক্রোধ, ষড়রিপু হইল উদয়।।